



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি  
(নেজারত শাখা)  
[www.jhalakathi.gov.bd](http://www.jhalakathi.gov.bd)



স্মারক নং-০৫,১০,৪২০০,০০৮,০৭,০২৭,২১-

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৮  
১৩ সেপ্টেম্বর ২০২১

### :বিজ্ঞপ্তি:

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে The Essential Commodities Control Order, 1981 এর আওতাভুক্ত নিম্নোক্ত পণ্যদ্রব্যের ব্যবসায়ীদেরকে লাইসেন্স প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এজন্য যথাযথ পদ্ধতি অনুসরণ করে আগামী ৩০ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে লাইসেন্স গ্রহণের নিমিত্ত আবেদন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। বর্ণিত তারিখের মধ্যে লাইসেন্স সংক্রান্ত কার্যক্রম গ্রহণে ব্যর্থ হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে The Control of Essential Commodities Act, 1956 এর বিধানমতে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ক্র:নং	পণ্যের নাম	লাইসেন্স ইস্যু ফি
১.	লৌহজাত দ্রব্য	৩,০০০/-
২.	সিমেন্ট	১,৫০০/-
৩.	কাপড় (পাইকারী)	৩,০০০/-
৪.	কাপড় (খুচরা)	১,০০০/-
৫.	সূতা (পাইকারী)	১,২০০/-
৬.	সূতা (খুচরা)	৫০০/-
৭.	শিশু খাদ্য	৩০০/-
৮.	সিগারেট (পাইকারী)	৩,০০০/-
৯.	Paper including paper board, pulp board, wall board, fiber board, straw board, box-board cellulose wading cellulose films and other similar materials Which are manufactured wholly or mainly either from vegetable fibers or a pulp thereof or both from such fiber and such pulp but does not include any of these materials (Wholesaler/Distributor)	১,৫০০/-
১০.	Electrical and Radio goods and appliances, including wires and cables, Television sets (up to 20 inch), Electric fan (Wholesaler/Distributor)	২,৫০০/-
১১.	Electrical and Radio goods and appliances, including wires and cables, Television sets (up to 20 inch), Electric bulb, and Electric fan (Retail)	১,০০০/-
১২.	Medical and Surgical Instruments and appliances (Wholesaler/Distributor)	৩,০০০/-
১৩.	Glass & Glassware including Scientific and Laboratory equipment (Wholesaler/Distributor)	২,০০০/-
১৪.	Bi-cycles, their spare parts, tires & tubes for the same (Wholesaler/Distributor)	২,০০০/-

১৫.	Sanitary & Water supply Fitting (Wholesaler/Distributor)	২,৫০০/-
১৬.	Sanitary & water supply Fitting (Retail)	১,০০০/-
১৭.	Washing & Toilet soaps (Wholesaler/Distributor)	২০০০/-
১৮.	Edible oil (Mustard oil, Soybeans oil, palm oil, ghee (Wholesaler/Distributor)	২,০০০/-
১৯.	Sugar (Wholesaler/Distributor)	১,৫০০/-
২০.	Edible salt, Excluding beet salt (Wholesaler/Distributor)	৫০০/-

## লাইসেন্স ইস্যু পদ্ধতি:

- ১। জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি এর নেজারত শাখা (ব্যবসা বাণিজ্য শাখা) হতে আবেদনপত্র সংগ্রহপূর্বক জমা প্রদান।
- ২। নির্ধারিত কোডে লাইসেন্স ইস্যুর জন্য ফি জমাকরণ।

## প্রয়োজনীয় কাগজপত্র:

- ১। জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি
- ২। ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি
- ৩। প্রস্তাবিত স্থানের জমির কাগজ বা দোকান ভাড়ার চুক্তিনামা
- ৪। আয়কর সনদ
- ৫। ব্যাংক সলভেন্সি সনদ
- ৬। আবেদনকারীর ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি

স্বাক্ষরিত/-

মো: জোহর আলী

জেলা প্রশাসক

ঝালকাঠি

ফোন: ০৪৯৮-৬৩৩০০

dcjhalokathi@mopa.gov.bd

স্মারক নং-০৫.১০.৪২০০.০০৮.০৭.০২৭.২১-১০৮৫(২০)

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৮  
১৩ সেপ্টেম্বর ২০২১

## অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. উপজেলা নির্বাহী অফিসার, ঝালকাঠি সদর/নলছিটি/রাজাপুর/কাঠালিয়া, ঝালকাঠি। বিজ্ঞপ্তিটি ব্যাপকভাবে প্রচার নিশ্চিতকরণ এবং যে সকল ব্যবসা প্রতিষ্ঠান লাইসেন্স ব্যতীত অবৈধভাবে ব্যবসা পরিচালনা করেছেন তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
২. জেলা তথ্য অফিসার, ঝালকাঠি। তাকে বিজ্ঞপ্তিটি ব্যাপকভাবে প্রচারপূর্বক এ কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
৩. সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি। তাকে বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের ওয়েব-পোর্টালে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৪. সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ঝালকাঠি
৫. সভাপতি/ সাধারণ সম্পাদক, দোকান মালিক সমিতি, ঝালকাঠি
৬. সভাপতি/ সাধারণ সম্পাদক,-----ব্যবসায়ী সমিতি, ঝালকাঠি
৭. জনাব-----ঝালকাঠি
৮. সংশ্লিষ্ট নথি

জেলা প্রশাসক

ঝালকাঠি